# COOCH BEHAR PANCHANAN BARMA UNIVERSITY

B.A. Honours 1st Semester Examinations, 2022

## BENGALI

## বাংলা সাহিত্যের ইতিহাস (প্রাচীন ও মধ্যযুগ)

## CORE-1

সময় : ২ ঘণ্টা

পূর্ণমান : ৪০

*দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান নির্দেশ করে।*

Baxirhat Mahavidyalaya Estd 2006 Baxirhat, Coochbehar

১। নিম্নলিখিত যে-কোনো ***দশটি*** প্রশ্নের উত্তর দাওঃ ১×১০ = ১০

(ক) 'সদুক্তিকর্ণামৃত' গ্রন্থের সংকলন কে করেন ?

(খ) কোন্ লিপিতে অশোকের অনুশাসন লেখা হয় ?

(গ) জয়দেব কোন্ রাজার সভাকবি ছিলেন ?

(ঘ) 'পাল' বংশের শেষ রাজা কে ছিলেন ?

(ঙ) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যটি কোথা থেকে প্রথম প্রকাশিত হয় ?

(চ) 'শ্রীকৃষ্ণকীর্তন' - এই নামটি কে দিয়েছিলেন ?

(ছ) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের কয়টি খণ্ড ?

(জ) চর্যাপদের সংস্কৃত টীকা কার লেখা ?

(ঝ) 'নবচর্যাপদ' কে সম্পাদনা করেন ?

(ঞ) চর্যার পুঁথি কে, কোথা থেকে আবিষ্কার করেছিলেন ?

(ট) বাংলায় তুর্কী আক্রমণ কার নেতৃত্বে হয়েছিল ?

(ঠ) 'গুণরাজ খাঁ' কার উপাধি ?

(ড) 'প্রাকৃতপৈঙ্গল' গ্রন্থের সঙ্কলকের নাম কী ?

(ঢ) চর্যাপদের একজন কবির নাম লেখো।

২। নিম্নলিখিত যে-কোনো ***একটি*** বিষয়ে সংক্ষিপ্ত টীকা লেখোঃ ৫×১ = ৫

(ক) পরাগলী মহাভারত

(খ) 'শ্রীকৃষ্ণবিজয়' কাব্য

(গ) গাঁথা সপ্তশতী।

৩। নিম্নলিখিত যে-কোনো ***একটি*** প্রশ্নের উত্তর দাওঃ ১০×১ = ১০

(ক) বাংলা সাহিত্যের ইতিহাসে চর্যাপদের গুরুত্ব বিচার করো।

(খ) শ্রীকৃষ্ণকীর্তন কাব্যের 'রাধা বিরহ' অংশ প্রক্ষিপ্ত কিনা ? এ বিষয়ে যুক্তি দাও।

(গ) 'ষোড়শ শতক'কে বাংলা সাহিত্যের 'সুবর্ণযুগ' বলা হয় কেন ? আলোচনা করো।

৪। নিম্নলিখিত যে-কোনো ***একটি*** প্রশ্নের উত্তর দাওঃ ১৫×১ = ১৫

(ক) কবি জয়দেবকে বাংলা সাহিত্যে অন্তর্ভুক্তির কারণ নির্দেশ করো।

(খ) চর্যাপদের ভাষা যে বাংলা ভাষার আদি নিদর্শন — তা যুক্তিসহ ব্যাখ্যা করো।

(গ) শ্রীকৃষ্ণকীর্তন কাব্যে প্রতিফলিত সমাজ চিত্রের বর্ণনা দাও।

——×——

# COOCH BEHAR PANCHANAN BARMA UNIVERSITY

B.A. Honours 1st Semester Examinations, 2022

## BENGALI

## মধ্যযুগের সাহিত্য

## CORE-2

Baxshirhat Mahavidyalaya Estd 2006 Baxshirhat, Coochbehar

সময় : ২ ঘণ্টা

পূর্ণমান : ৪০

*পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান নির্দেশ করে।*
*পরীক্ষার্থীরা যথাসম্ভব নিজের ভাষায় নির্দিষ্ট শব্দসীমার মধ্যে উত্তর লিখবে।*

১। নিম্নলিখিত যে-কোনো ***দশটি*** প্রশ্নের উত্তর দাওঃ ১×১০ = ১০

(ক) কবি বিদ্যাপতির যে-কোনো একটি গ্রন্থের নাম লেখো।

(খ) কবি মুকুন্দ চক্রবর্তী রচিত মঙ্গলকাব্যটির সময় উল্লেখ করো।

(গ) ভারতচন্দ্রের আবির্ভাবকাল উল্লেখ করো।

(ঘ) 'রামায়ণে'র দু'জন অনুবাদকের নাম লেখো।

(ঙ) শ্রীকর নন্দীর সমসাময়িক একজন কবির নাম লেখো।

(চ) ভাবোল্লাস পর্যায়ের শ্রেষ্ঠ কবির নাম কী ?

(ছ) চৈতন্যোত্তর মনসামঙ্গল কাব্যধারার একজন কবির নামোল্লেখ করো।

(জ) সপ্তদশ শতকের রোসাঙ রাজসভার দু'জন শ্রেষ্ঠ কবির নাম লেখো।

(ঝ) 'পিয়া যব আওব' কোন্ পর্যায়ের পদ ?

(ঞ) রূপরাম চক্রবর্তী কোন্ কাব্যধারার কবি ছিলেন ?

(ট) রাঢ়বঙ্গের মনসামঙ্গল কাব্যধারার একজন কবির নাম লেখো।

(ঠ) ভক্তের আকুতি পর্যায়ের যে-কোনো একজন কবির প্রথম পংক্তিটি লেখো।

(ড) 'ওরে নবমী নিশি' পদটি কোন্ পর্যায়ের ?

(ঢ) শাক্তপদাবলীর একজন প্রধান কবির নাম লেখো।

২। টীকা লেখোঃ (যে-কোনো ***একটি***) ৫×১ = ৫

(ক) কাশীরাম দাস

(খ) ভারতচন্দ্র

(গ) কমলাকান্ত ভট্টাচার্য।

৩। নিম্নলিখিত যে-কোনো ***একটি*** প্রশ্নের উত্তর দাওঃ ১০×১ = ১০

(ক) 'মঙ্গলকাব্যের' 'মঙ্গল' শব্দটির অর্থ কী ? মঙ্গলকাব্যের গঠন ও বৈশিষ্ট্যগুলি লেখো।

(খ) 'পূর্বরাগ' পর্যায়ের বৈশিষ্ট্যগুলি উল্লেখ করে এই ধারার শ্রেষ্ঠ কবির কাব্যপ্রতিভার পরিচয় দাও।

(গ) শাক্তপদাবলীর 'বিজয়া' পর্বের গুরুত্ব আলোচনা করো।

৪। নিম্নলিখিত যে-কোনো ***একটি*** প্রশ্নের উত্তর দাওঃ ১৫×১ = ১৫

(ক) 'ভাগবত' অনুবাদ ধারার শ্রেষ্ঠ কবি কে ? তাঁর কাব্যপ্রতিভার পরিচয় দাও।

(খ) চণ্ডীমঙ্গল কাব্যধারায় বর্ণিত সমাজ জীবনের পরিচয় দাও।

(গ) রবীন্দ্রনাথ ঠাকুর 'মাতৃহৃদয়ের গান' বলে শাক্তপদাবলীর কোন্ পর্যায়ের পদগুলির উল্লেখ করেছেন সে-পর্যায়ের বৈশিষ্ট্যগুলির পরিচয় দাও।

——×——

# COOCH BEHAR PANCHANAN BARMA UNIVERSITY

B.A. Honours 1st Semester Examinations, 2022

## BENGALI

## বাংলা সাহিত্যের ও বাংলা ভাষার ইতিহাস

## GE-1

সময় : ২ ঘন্টা পূর্ণমান : ৪০

*পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান নির্দেশ করে।*

১। নিম্নলিখিত যে-কোনো *দশটি* প্রশ্নের উত্তর দাওঃ ১×১০ = ১০

(ক) ফোর্ট উইলিয়াম কলেজ কোন্ উদ্দেশ্যে প্রতিষ্ঠিত হয়েছিল ?

(খ) বাঙালির লেখা প্রথম বাংলা ব্যাকরণ গ্রন্থটির নাম কী ? রচয়িতা কে ?

(গ) প্রথম সার্থক বাংলা উপন্যাস কোন্‌টি ?

(ঘ) নজরুল ইসলামের কোন্ কাব্যে বিদ্রোহের সুর ধ্বনিত হয়েছে ?

(ঙ) 'কল্লোল' পত্রিকার প্রথম প্রকাশকাল উল্লেখ করো।

(চ) 'সবুজপত্র' পত্রিকার সম্পাদক কে ?

(ছ) বিজন ভট্টাচার্যের কোন্ নাটকে ম্যাজিক রিয়ালিজমের সন্ধান পাওয়া যায় ?

(জ) 'ধাত্রীদেবতা' উপন্যাসের নায়কের নাম কী ?

(ঝ) 'নীলদর্পণ' নাটকের প্রকাশকাল লেখো।

(ঞ) মধ্য বাংলার কালসীমা নির্দেশ করো।

(ট) কাজললতা > কাজলতা কী ধরনের ধ্বনি পরিবর্তন ?

(ঠ) একটি জোড়কলম শব্দের দৃষ্টান্ত দাও।

(ড) 'আনারস' শব্দটি কোন্ ভাষা থেকে বাংলা শব্দভাণ্ডারে গৃহীত হয়েছে ?

(ঢ) শব্দার্থের উৎকর্ষ সংঘটিত হয়েছে এমন একটি দৃষ্টান্ত দাও।

২। নিম্নলিখিত যে-কোনো *একটি* প্রশ্নের উত্তর দাওঃ ৫×১ = ৫

(ক) 'আলালের ঘরের দুলাল' গ্রন্থটিকে উপন্যাসের মর্যাদা দেওয়া যায় কিনা লেখো।

(খ) 'সধবার একাদশী' বিষয়ে টীকা লেখো।

(গ) প্রাচীন বাংলার কালসীমা নির্দেশ করে এই পর্বের বাংলাভাষার সাহিত্যিক নিদর্শনগুলির উল্লেখ করো।

৩। নিম্নলিখিত যে-কোনো *একটি* প্রশ্নের উত্তর দাওঃ ১০×১ = ১০

(ক) কোন্ কোন্ দিক থেকে রামমোহন রায় বাংলাগদ্যের ইতিহাসে দিক্-নির্দেশক হয়ে থাকবেন ?

(খ) ঐতিহাসিক নাটক রচনায় দ্বিজেন্দ্রলাল রায়ের কৃতিত্ব আলোচনা করো।

(গ) বাংলা শব্দভাণ্ডারের অন্তর্গত মৌলিক শব্দের শ্রেণিবিভাগ করে প্রতিটি বিভাগের সংজ্ঞা উদাহরণসহ লেখো।

৪। নিম্নলিখিত যে-কোনো *একটি* প্রশ্নের উত্তর দাওঃ ১৫×১ = ১৫

(ক) গীতিকবিতার 'ভোরের পাখি' বিহারীলাল চক্রবর্তী উনিশ শতকের বাংলা গীতিকবিতায় কী কী নতুন সুর সঞ্চারিত করেছেন — আলোচনা করো।

(খ) বাংলা নাট্যসাহিত্যের ধারায় নাট্যকার বিজন ভট্টাচার্যের কৃতিত্ব বিচার করো।

(গ) বাংলা শব্দভাণ্ডার সম্পর্কে একটি নিবন্ধ রচনা করো।

——×——

# COOCH BEHAR PANCHANAN BARMA UNIVERSITY

B.A. Programme 1st Semester Examinations, 2022

## BENGALI

### বাংলা সাহিত্যের ও বাংলা ভাষার ইতিহাস

### DSC (GROUP-1)

Bakshirhat Mahavidyalaya • Estd 2006 • Bakshirhat, Coochbehar

সময় : ২ ঘন্টা

পূর্ণমান : ৪০

*পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান নির্দেশ করে।*
*পরীক্ষার্থীরা যথাসম্ভব নিজের ভাষায় নির্দিষ্ট শব্দসীমার মধ্যে উত্তর লিখবে।*

১। নিম্নলিখিত যে-কোনো ***দশটি*** প্রশ্নের উত্তর দাওঃ — ১×১০ = ১০

(ক) ‘ইতিহাসমালা’ কার লেখা ?
(খ) ‘কলিকাতা কমলালয়’ কার রচনা ?
(গ) ‘তত্ত্ববোধিনী’ পত্রিকার সম্পাদক কে ছিলেন ?
(ঘ) ‘বোধোদয়’ অনুবাদ গ্রন্থটি কার রচনা ?
(ঙ) তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের দুইটি উপন্যাসের নাম লেখো।
(চ) নজরুল ইসলামের দু’টি কাব্যগ্রন্থের নাম লেখো।
(ছ) মধুসূদন দত্ত, দীনবন্ধু মিত্র ও গিরিশচন্দ্র ঘোষের একটি করে নাটকের নাম লেখো।
(জ) স্বরসঙ্গতির একটি উদাহরণ দাও।
(ঝ) বাংলা ভাষায় ব্যঞ্জনবর্ণ কয়টি ?
(ঞ) প্রাচীন বাংলা ভাষার কালসীমা নির্দেশ করো।
(ট) দু’টি তৎসম শব্দের উদাহরণ দাও।
(ঠ) দু’টি চীনা শব্দের উল্লেখ করো।
(ড) বঙ্গালী উপভাষা কোন্ অঞ্চলে প্রচলিত ?
(ঢ) দেশি > দিশি – এটি কোন্ নিয়মে হয়েছে ?

২। নিম্নলিখিত যে-কোনো ***একটি*** বিষয়ে টীকা লেখোঃ — ৫×১ = ৫

(ক) রামমোহন রায়
(খ) অপিনিহিতি
(গ) ধ্বনিপরিবর্তনের কারণ।

৩। নিম্নলিখিত যে-কোনো ***একটি*** প্রশ্নের উত্তর দাওঃ — ১০×১ = ১০

(ক) বাংলা গদ্যভাষার বিকাশে ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের অবদান আলোচনা করো।
(খ) বাংলা নাটকে মধুসূদনের অবদান আলোচনা করো।
(গ) রাঢ়ী উপভাষার ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্য আলোচনা করো।

৪। নিম্নলিখিত যে-কোনো ***একটি*** প্রশ্নের উত্তর দাওঃ — ১৫×১ = ১৫

(ক) বাংলা উপন্যাসে বঙ্কিমচন্দ্রের অবদান আলোচনা করো।
(খ) কবি ঈশ্বরগুপ্তকে যুগসন্ধির কবি বলা যায় কি ? যুক্তিসহ ব্যাখ্যা করো।
(গ) বাংলা ভাষার উদ্ভব সম্পর্কে আলোচনা করো।

——×——

# COOCH BEHAR PANCHANAN BARMA UNIVERSITY

B.A./B.Com. Programme 1st Semester Examinations, 2022

## BENGALI

## রচনা প্রস্তুতকরণ

## LCC-1

Bakshirhat Mahavidyalaya • Estd 2006 • Bakshirhat, Coochbehar

সময় : ২ ঘণ্টা | পূর্ণমান : ৪০

*পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান নির্দেশ করে।*
*পরীক্ষার্থীরা যথাসম্ভব নিজের ভাষায় নির্দিষ্ট শব্দসীমার মধ্যে উত্তর করিবে।*

১। নিম্নলিখিত যে-কোনো ***দশটি*** প্রশ্নের উত্তর দাওঃ — ১×১০ = ১০

(ক) বিজ্ঞাপনের ভাষা কেমন হওয়া প্রয়োজন ?
(খ) Income Certificate কারা দিতে পারেন ?
(গ) অভিযোগপত্র কাকে বলে ?
(ঘ) 'প্রাপক' শব্দটি কোন্ অর্থে ব্যবহৃত হয় ?
(ঙ) মন্তব্যপত্রের একটি উদ্দেশ্য লেখো।
(চ) দৃশ্য বিজ্ঞাপনের একটি উদাহরণ দাও।
(ছ) আমন্ত্রণপত্র ও অভিযোগপত্র একই কিনা, লেখো।
(জ) কলেজের ভর্তির বিজ্ঞপ্তিতে কে স্বাক্ষর করেন ?
(ঝ) ব্যবসায়িক বিজ্ঞাপনের উদ্দেশ্য কী ?
(ঞ) বিজ্ঞাপন কত প্রকার ও কী কী ?
(ট) 'আপনি CCTV-র নজরে' – CCTV-র পুরো নামটি লেখো।
(ঠ) 'একটি জমি বিক্রি হবে' – এটি কোন্ শ্রেণীর বিজ্ঞাপন ?
(ড) ডেঙ্গু সচেতনতা শিবির কোন্ শ্রেণির বিজ্ঞাপন ?
(ঢ) 'PIN CODE'-এর বাংলা পারিভাষিক শব্দটি লেখো।

২। নিম্নলিখিত যে-কোনো ***একটি*** বিষয়ে টীকা লেখোঃ — ৫×১ = ৫

(ক) চাকরির আবেদনপত্র
(খ) সমাজ-সচেতনতামূলক বিজ্ঞাপন
(গ) মন্তব্য পত্রের পরিসর।

৩। নিম্নলিখিত যে-কোনো ***একটি*** প্রশ্নের উত্তর দাওঃ — ১০×১ = ১০

(ক) অসুস্থতাজনিত ছুটির একটি আবেদনপত্র রচনা করো।
(খ) কলেজে পানীয় জলের সমস্যা আছে — এ বিষয়ে উপযুক্ত কর্তৃপক্ষকে একখানি অভিযোগপত্র লেখো।
(গ) গঠনসহ পত্রের শ্রেণিবিভাগ আলোচনা করো।

৪। নিম্নলিখিত যে-কোনো ***একটি*** প্রশ্নের উত্তর দাওঃ — ১৫×১ = ১৫

(ক) তোমার ব্যাঙ্কের পাশবই হারিয়ে গেছে। সেই বিষয়ে উপযুক্ত কর্তৃপক্ষকে একটি আবেদনপত্র লেখো।
(খ) কোচবিহারের বিখ্যাত রাসমেলা দেখতে আসার আমন্ত্রণ জানিয়ে বন্ধুকে একটি পত্র লেখো।
(গ) মন্তব্যপত্র কোথায় লেখা হয় ? মন্তব্য পত্রের সংশোধন সংযোজন কিভাবে করা উচিত ?

——×——

# COOCH BEHAR PANCHANAN BARMA UNIVERSITY

B.A./B.Sc./B.Com. Programme 1st Semester Examinations, 2022

## BENGALI (MIL)

## বাংলা ভাষা, উচ্চারণ, বানান, অর্থবোধের চর্চা

## AECC

Bakshirhat Mahavidyalaya Estd 2008 Bakshirhat, Coochbehar

**সময় : ২ ঘন্টা** **পূর্ণমান : ৪০**

*পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান নির্দেশ করে।*
*পরীক্ষার্থীরা যথাসম্ভব নিজের ভাষায় নির্দিষ্ট শব্দসীমার মধ্যে উত্তর করিবে।*

১। নিম্নলিখিত যে-কোনো ***দশটি*** প্রশ্নের উত্তর দাওঃ ১×১০ = ১০

(ক) পদ কাকে বলে ?

(খ) ড, ঢ, য এই তিন ব্যঞ্জনবর্ণ পদ মধ্যে বা পদান্তে থাকলে কোন্ কোন্ বর্ণে রূপান্তরিত হয় ?

(গ) সংখ্যাবাচক শব্দগুলি 'বর্ণপরিচয়'-এর কোন্ ভাগে লিখিত আছে ?

(ঘ) মাধব কে ? তার মহৎ দোষ কী ?

(ঙ) 'বর্ষা নেমেছে' — এই পাঠে রবীন্দ্রনাথ কোন্ যুক্ত ব্যঞ্জনের শিক্ষা দিতে চেয়েছেন ?

(চ) আদ্যনাথবাবুর কন্যার নাম কী ?

(ছ) শব্দ বিভক্তি কাকে বলে ?

(জ) বাংলা বর্ণমালার কোন্ দুটি বর্ণ 'বর্ণপরিচয়' গ্রন্থে পরিত্যক্ত হয়েছে ?

(ঝ) পিতামাতা পাঠে 'সুসন্তান'দের সম্পর্কে কী বলা হয়েছে ?

(ঞ) 'ব' ফলা যোগে দুটি শব্দ লেখো।

(ট) 'বর্ণপরিচয়'-এর ১৭নং পাঠে ভুবনকে কে গালি দিয়েছিল ?

(ঠ) গোপাল কোন্ ধরনের বালক ?

(ড) 'সহজপাঠে' হ, ক্ষ এই বর্ণ দুটির ছড়ার ব্যবহার লেখো।

(ঢ) শচী সেন, মণি সেন, বংশী সেন কী খেলা খেলতে আসছেন ?

(ণ) বাংলা স্বরসন্ধিতে পূর্বস্বরের লোপের একটি উদাহরণ দাও।

২। নিম্নলিখিত যে-কোনো ***একটি*** প্রশ্নের উত্তর দাওঃ ৫×১ = ৫

(ক) 'নাম তার মতিবিল' ছড়াটির বক্তব্য বিষয় আলোচনা করো।

(খ) 'বর্ণপরিচয়' অনুসরণে সুশীল বালকের পরিচয় দাও।

(গ) ণত্ব-বিধান ও ষত্ব-বিধানের পার্থক্য নির্দেশ করো।

৩। নিম্নলিখিত যে-কোনো ***একটি*** প্রশ্নের উত্তর দাওঃ ১০×১ = ১০

(ক) 'বর্ণপরিচয়' গ্রন্থে বিদ্যাসাগর শিশুদের চরিত্র গঠন সম্পর্কিত যে নীতিমূলক আলোচনা করেছেন লেখকের অনুসরণে তা লেখো।

(খ) 'সহজপাঠে'র একটি কবিতায় শিশুর মনের ইচ্ছা স্বপ্নের মাধ্যমে প্রকাশিত হয়েছে — কবিতাটি অবলম্বনে আলোচনা করো।

(গ) ক্রিয়ার কাল সম্পর্কে আলোচনা করো।

Bakshirhat Mahavidyalaya
Estd 2006
Bakshirhat, Coochbehar

৪। নিম্নলিখিত যে-কোনো ***একটি*** প্রশ্নের উত্তর দাওঃ ১৫×১ = ১৫

(ক) "চুরি করা কদাচ উচিত নয়" — কোন্ পাঠের নীতিবাক্য এটি ? এই নীতিবাক্যটির যাথার্থ্য 'বর্ণপরিচয়' অবলম্বনে আলোচনা করো।

(খ) রবীন্দ্রনাথের অনুসরণে বিশ্বম্ভরবাবুর কাহিনি বিবৃত করো।

(গ) অব্যয় কাকে বলে ? এর শ্রেণিবিভাগ উদাহরণসহ আলোচনা করো।

——×——